

অনলাইনের আওতায়
সব শিক্ষা বোর্ড
নিজস্ব ওয়েবসাইট
পেল ৩০ হাজার
শিক্ষাপ্রতিষ্ঠান

নিজস্ব প্রতিবেদক ▶

দেশের সব শিক্ষা বোর্ডই পরিপূর্ণভাবে অনলাইন কার্যক্রমের আওতায় এসেছে। এই ই-সেবা কার্যক্রমের আওতায় দেশের সব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, মডার্ন শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে থাকা প্রায় ৩০ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট তৈরি করে দেওয়া হয়েছে। ফলে এখন থেকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো নিজস্ব ওয়েবসাইট পরিচালনা করতে পারবে। পাশাপাশি শিক্ষক-শিক্ষার্থীরা এখন বিভিন্ন কাজে সরাসরি শিক্ষা বোর্ডে না গিয়ে ওয়েবসাইটের মাধ্যমে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে পারবেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল রবিবার ঢাকা টিচার্স কলেজ মিলনায়তনে দেশের ১০টি শিক্ষা বোর্ডের ই-সেবা কার্যক্রমের উদ্বোধন করেন। এতে সভাপতিত্ব করেন ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জামিলুল বেগম। অরুণা বক্তব্য দেন শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের ট্রীপুরী, ঢাকা বোর্ডের পরিচালক ও ই-সেবা কার্যক্রম উদ্বোধন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. এম এম ওজাহারুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে জানানো হয়, প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটে এখন থেকে প্রতিষ্ঠানের অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য, একাডেমিক ক্যালেন্ডারসহ বিভিন্ন তথ্য দেওয়া থাকবে। এ ছাড়া বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ইলেকট্রনিক টুডেটস ইনভেস্টমেন্ট ফর্ম (ই-এফআইএফ), ইলেকট্রনিক ফর্ম ফিলসোল (ই-এফএফ), ইলেকট্রনিক ইনস্টিটিউট ইনভেস্টমেন্ট ফর্ম (ই-আইআইএফ), ইলেকট্রনিক টিচার্স ইনভেস্টমেন্ট ফর্ম (ই-টিআইএফ), ই-ড্রাফট, ই-এফ, ই-আপটেন্ডেন্সসহ বিভিন্ন কার্যক্রম এখন অনলাইনে চলবে। শিক্ষামন্ত্রী বলেন, এই ই-সেবা কার্যক্রম দেশের জন্য ঐতিহাসিকই নয়, একটি বৈপ্লবিক ঘটনা।